

উপাচার্যের সাথে ইউজিসি স্বর্ণপদক প্রাপ্ত শিক্ষকদের সৌজন্য সাক্ষাৎ



উচ্চশিক্ষার মৌলিক গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে অনবদ্য অবদানের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় দু'জন শিক্ষক ইউজিসি স্বর্ণপদক লাভ করেছেন। ২০১৬ সালের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ড. এ জে সালেহ আহাম্মদ এবং ২০১৭ সালের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে একই বিভাগের প্রভাষক মোঃ ইলিয়াছ ইউজিসি স্বর্ণপদক লাভ করেন।

এ উপলক্ষে ইউজিসি স্বর্ণপদক প্রাপ্ত শিক্ষকবৃন্দ ড. এ জে সালেহ আহাম্মদ এবং মোঃ ইলিয়াছ ১৬ সেপ্টেম্বর-২০১৮, রবিবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর সাথে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় উপাচার্য এধরনের মৌলিক গবেষণার প্রতি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আরো এগিয়ে আসার আহ্বান জানান এবং গবেষণা খাতে প্রয়োজনীয় সকল ধরনের সহায়তার আশ্বাস প্রদান করেন।



রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ড. এ জে সালেহ আহাম্মদ ২০১৬ সালে 'Enzyme-free impedimetric glucose sensor based on gold nanoparticles/polyaniline composite film' শিরোনামে প্রকাশিত প্রবন্ধের জন্য এবং প্রভাষক মোঃ ইলিয়াছ ২০১৭ সালে 'Microwave-assisted synthesis of Ce-doped ZnO/CNT' শিরোনামে প্রকাশিত প্রবন্ধের জন্য ভৌত বিজ্ঞান শাখায় ইউজিসি স্বর্ণপদক লাভ করেন।

গত ১১ সেপ্টেম্বর রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে মহামান্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ প্রধান অতিথি হিসেবে শিক্ষকদের মধ্যে এ পদক তুলে দেন। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান-এর সভাপতিত্বে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এম.পি., জাতীয় অধ্যাপক, ইউজিসি সদস্যবৃন্দ, সচিব, বিভিন্ন সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং বরণ্য শিক্ষাবিদরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য, ২০১৬ ও ২০১৭ সালে উচ্চ শিক্ষায় মৌলিক গবেষণা ও প্রকাশনার অনবদ্য অবদানের জন্য মোট ৩৫ জন শিক্ষককে ইউজিসি স্বর্ণপদক প্রদান করা হয়।